২৫.০৪.২০১৯

# পশ্চিমবঙ্গে সপ্তদশ লোকসভা নির্বাচনের চতুর্থ দফার প্রার্থীদের হলফনামার বিশ্লেষণ

**পশ্চিমবঙ্গে সপ্তদশ লোকসভা নির্বাচনের ৮টি কেন্দ্রে আগামী ২৯এ এপ্রিল প্রতিদ্বন্দ্বিতাকারী ৬৮ জন প্রার্থীদের হলফনামার ভিত্তিতে প্রস্তুত করা বিস্তারিত তথ্যাবলী নীচে দেওয়া হল।**

পশ্চিমবঙ্গ সপ্তদশ লোকসভা নির্বাচনের চতুর্থ দফার ৮ টি কেন্দ্রে আগামী ২৯ এ এপ্রিল ২০১৯এ যে নির্বাচন হচ্ছে তাতে প্রতিদ্বন্দ্বিতাকারী সর্বমোট ৬৮ জন প্রার্থীর হলফনামা পশ্চিমবঙ্গ ইলেকশন ওয়াচওএ.ডি.আর বিশ্লেষণ করেছে। এই বিশ্লষণ থেকে বেরিয়ে আসা তথ্যগুলি নিম্নরূপঃ

*এই দফায় নির্বাচন হচ্ছে নিম্নলিখিত কেন্দ্রে*

| ক্রমিক সংখ্যা | নির্বাচন কেন্দ্রে | প্রতিদ্বন্দীতাকারী প্রার্থীর সংখ্যা | নির্বাচনের তারিখ |
|---|---|---|---|
| ১ | বহরমপুর | ১১ | ২৯ শে এপ্রিল |
| ২ | কৃষ্ণনগর | ১১ | |
| ৩ | রাণাঘাট | ৭ | |
| ৪ | বর্ধমান পূর্ব | ৭ | |
| ৫ | বর্ধমান দুর্গাপুর | ৬ | |
| ৬ | আসানসোল | ১০ | |
| ৭ | বোলপুর | ৭ | |
| ৮ | বীরভূম | ৯ | |
| | মোট প্রার্থী | ৬৮ | |

এই দফায় নির্বাচনী লড়াই-এ রয়েছেন বিজেপি-র ৮ জন, তৃণমূল কংগ্রেসের ৮ জন, জাতীয় কংগ্রেসের ৮ জন, সি.পি.আই.এম-এর ৭ জন, নির্দল প্রার্থী ৯ জন, এবং অন্যান্য দলের ২৮ জন প্রার্থী।

**বিভিন্ন ফৌজদারী মামলায় অভিযুক্ত নির্বাচন প্রার্থীঃ**

যে ৬৮ জন প্রার্থীর হলফনামা বিশ্লষণ করা হয়েছে তাঁদের মধ্যে ১৪ জন (২১%) প্রার্থীর বিরুদ্ধে স্বঘোষিত বিভিন্ন ফৌজদারী মামলা রয়েছে এদের মধ্যে ১২ জনের (১৮%) বিরুদ্ধে গুরুতর ফৌজদারী মামলা রয়েছে। যেমন খুন, খুনের প্রচেষ্টা, অপহরণ ধর্ষণ ও নানাবিধ মামলা যা জামিন অযোগ্য বা অপরাধ প্রমানহলে যার নূন্যতম শাস্তি ৫ বছরের কারাবাস। উপরোক্ত ১৪জনের মধ্যে বিজেপির ৪ জন,জাতীয় কংগ্রেস, তৃণমূল কংগ্রেসের ১জন করে প্রার্থী রয়েছেন।সি পি আই এমের ৬ জন ও ২ জন নির্দল প্রার্থী রয়েছেন।

উপরোক্ত পরিসংখ্যান থেকে এটা স্পষ্ট যে হলফনামা পশ্চিমবঙ্গ ইলেকশন ওয়াচ ও অন্যান্য সামাজিক সংগঠনগুলির বারংবার অনুরোধ সত্ত্বেও বিভিন্ন রাজনৈতিক দলগুলি ফৌজদারি মামলায় অভিযুক্ত ব্যক্তিদের নির্বাচনে মনোনয়ন দিতে এখনও তেমন দ্বিধা বোধ করেন না।

| দল | বিশ্লেষণ করা প্রার্থীর সংখ্যা | অভিযুক্ত প্রার্থীর সংখ্যা | শতাংশ (%) | গুরুতর ফৌজদারি মামলায় অভিযুক্ত প্রার্থীর সংখ্যা | শতাংশ (%) |
|---|---|---|---|---|---|
| বিজেপির | ৮ | ৪ | ৫০% | ৩ | ৩৮% |
| জাতীয় কংগ্রেস | ৮ | ১ | ১৩% | ১ | ১৩% |
| তৃণমূল কংগ্রেসের | ৮ | ১ | ১৩% | ১ | ১৩% |
| সি পি আই এম | ৭ | ৬ | ৮৬% | ৫ | ৭১% |
| নির্দল | ৯ | ২ | ২২% | ২ | ২২% |
| অন্যান্য দল | ২৮ | ০ | ০ | ০ | ০ |
| | **৬৮** | **১৪** | **২১%** | **১২** | **১৮%** |

**নির্বাচন প্রার্থীদের অর্থনৈতিক প্রেক্ষাপটঃ**

এই দফার নির্বাচনে ৬৮ জন প্রার্থীর মধ্যে ২২ জন (৩২%) প্রার্থী কোটিপতি। এদের সম্পদ ১ কোটি টাকার বেশী। এই পর্বে মোট সম্পদের বিচারে সবচেয়ে ধনী প্রার্থী বর্ধমান-দুর্গাপুরের তৃনমূল প্রার্থী মুমতাজ সংঘমিতা, তার মোট ঘোষিত সম্পদ ১৩ কোটি টাকার বেশী। ওনার পরেই আছেন আসানসোলের তৃণমূল প্রার্থী শ্রীমতী (মুনমুন) দেব ভর্মা (সেন), তার মোট ঘোষিত সম্পদ ১০কোটি টাকার বেশী। তিন নম্বর স্থানে আছেন জাতীয় কংগ্রেসের অধীর রঞ্জন চৌধুরী তার মোট ঘোষিত সম্পদ ১০ কোটি টাকার বেশী।

কোটিপতি প্রার্থীরা

| দল | বিশ্লেষণ করা প্রার্থীর সংখ্যা | কোটিপতি প্রার্থীর সংখ্যা | শতাংশ (%) |
|---|---|---|---|
| তৃণমূল কংগ্রেস | ৮ | ৬ | ৭৫% |
| বিজেপি | ৮ | ৬ | ৭৫% |
| জাতীয় কংগ্রেস | ৮ | ৫ | ৬৩% |
| সিপি আই এম | ৭ | ২ | ২৯% |
| এস ইউ সি আই | ৮ | ১ | ১৩% |
| আহিড়া ন্যাশানাল পার্টি | ১ | ১ | ১০০% |
| নির্দল | ৯ | ১ | ১১% |
| অন্যান্য | ১৯ | ০ | ০% |
| মোট | ৬৮ | ২২ | ৩২% |

এই পর্বের সবচেয়ে কম সম্পদ যে প্রার্থীদের তারা হলেন আসানসোলের বহুজন মুক্তি পার্টির মহঃ জহির আলাম (মোট ঘোষিত সম্পদ ১ হাজার টাকার একটু বেশী)। এছাড়া দ্বিতীয় স্থানে আছেন বহরমপুরের বিজেপি প্রার্থী কৃষ্ণ জোয়ারদার (মোট ঘোষিত সম্পদ ৬ হাজার টাকা +) ও তৃতীয় স্থানে আছেন বহরমপুরের নির্দল প্রার্থী সমীর বিশ্বাস (মোট ঘোষিত সম্পদ ১০ হাজার টাকা +)।

গড়ে অর্থনৈতিক প্রেক্ষাপটের দলীয় চিত্রটি হল নিম্নরুপ

| দলের নাম | বিশ্লেষণ করা প্রার্থীর সংখ্যা | গড় সম্পদ (টাকায়) |
|---|---|---|
| নির্দল | ৯ | ২১ লাখ+ |
| তৃণমূল কংগ্রেস | ৮ | ৪ কোটি+ |
| বিজেপি | ৮ | ২ কোটি+ |
| জাতীয় কংগ্রেস | ৮ | ২ কোটি+ |
| এস ইউ সি আই | ৮ | ৩৩ লাখ+ |
| বি এস পি | ৮ | ২২ লাখ + |
| সি পি আই এম | ৭ | ৬২ লাখ+ |
| শিবসেনা | ২ | ৪৪ লাখ + |
| রাষ্ট্রবাদী জনতা পার্টি | ২ | ২২ লাখ + |
| আহিড়া ন্যাশানাল পার্টি | ১ | ১ কোটি+ |
| ভারতীয় ন্যায় অধিকার রক্ষা পার্টি | ১ | ৭৩ লাখ + |
| আর এস পি | ১ | ৩৯ লাখ + |
| আর পি আই (এ) | ১ | ২৩ লাখ + |
| জামাতে সেরাতুল মুস্তাকিম | ১ | ৫ লাখ + |
| সি পি আই (এম এল) (এল) | ১ | ১ লাখ + |
| ভারতীয় ন্যাশানাল জনতা দল | ১ | ৯০ হাজার + |
| বহুজন মুক্তি পার্টি | ১ | ১ হাজার + |
| সমস্ত পার্টি | ৬৮ | ১২৯৩১৩১৫ টাকা বা<br>১ কোটি + |

এই পর্যায়ের ৩০ জন প্রার্থী তাঁদের দায় বা লাইবেলিটিসের কথা উল্লেখ করেছেন।এদের মধ্যে সবার আগে রয়েছেন বীরভূমের তৃণমূল প্রার্থী শতাব্দী রায় (ব্যানার্জী) (মোট সম্পদ ৪ কোটি+ ও দায় ২ কোটি টাকা +)। এছাড়া বহরমপুরের জাতীয় কংগ্রেস প্রার্থী অধীর রঞ্জন চৌধুরী (মোট সম্পদ ১০ কোটি+ ও দায় ৮৫ লক্ষ টাকা +) ও আসানসোলের শিবসেনা প্রার্থী অভিষেক কুমার সিং রায় (মোট সম্পদ ৮৮ লক্ষ + ও দায় ৬৯ লক্ষ টাকা +) উল্লেখযোগ্য।

| ক্র নং | প্রার্থীর নাম | নির্বাচন কেন্দ্র | দল | মোট আয় | মোট দায় | প্যান তথ্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | শতাব্দী রায়(ব্যানার্জী) | বীরভূম | তৃণমূল কংগ্রেস | ৪ কোটি + | ১ কোটি + | দেওয়া আছে |
| ২ | অধীর রঞ্জন চৌধুরী | বহরমপুর | জাতীয় কংগ্রেস | ১০ কোটি + | ৮৫ লক্ষ + | দেওয়া আছে |
| ৩ | অভিষেক কুমার সিংহ | আসানসোল | এস.এইচ.এস | ৮৮ লক্ষ + | ৬৯ লক্ষ + | দেওয়া আছে |
| ৪ | বাবুল সুপ্রিয় বরাল | আসানসোল | বিজেপি | ৫ কোটি + | ৫৭ লক্ষ + | দেওয়া আছে |
| ৫ | রামপ্রসাদ দাস | বোলপুর | বিজেপি | ১ কোটি + | ৪৯ লক্ষ + | দেওয়া আছে |
| ৬ | বিজয় কৃষ্ণ দলুই | বোলপুর | এস.ইউ.সি.আই (সি) | ৪৪ লক্ষ + | ৪০ লক্ষ + | দেওয়া আছে |
| ৭ | বিপ্লব মিস্ত্রি | বর্ধমান পূর্ব | ভারতীয় ন্যায় অধিকার রক্ষা পার্টি | ৭৩ লক্ষ + | ৩২ লক্ষ + | দেওয়া আছে |
| ৮ | ঈশ্বরচন্দ্র দাস | বর্ধমান-পুর্ব | সি.পি.আই.এম | ৫৮ লক্ষ + | ২৮ লক্ষ + | দেওয়া আছে |
| ৯ | বিশ্বরূপ মণ্ডল | আসানসোল | জাতীয় কংগ্রেস | ১ কোটি + | ২৬ লক্ষ + | দেওয়া আছে |
| ১০ | অপুর্ব সরকার | বহরমপুর | তৃণমূল কংগ্রেস | ৪ কোটি + | ২১ লক্ষ + | দেওয়া আছে |
| ১১ | রূপালি বিশ্বাস | রাণাঘাট | তৃণমূল কংগ্রেস | ৭৩ লক্ষ + | ১৭ লক্ষ + | দেওয়া আছে |
| ১২ | কল্যান চৌবে | কৃষ্ণনগর | বিজেপি | ২ কোটি + | ১৬ লক্ষ + | দেওয়া আছে |
| ১৩ | মহঃ রেজাউল করিম | বীরভূম | সি.পি.আই.এম | ১ কোটি + | ১৫ লক্ষ + | দেওয়া আছে |
| ১৪ | মিনতি বিশ্বাস | রাণাঘাট | জাতীয় কংগ্রেস | ৩১ লক্ষ + | ৭ লক্ষ + | দেওয়া আছে |
| ১৫ | সুরেন্দ্রজিত সিং আলুওয়ালিয়া | বর্ধমান-দুর্গাপুর | বিজেপি | ২ কোটি + | ৭ লক্ষ + | দেওয়া আছে |
| ১৬ | মহুয়া মৈত্র | কৃষ্ণনগর | তৃণমূল কংগ্রেস | ২ কোটি + | ৬ লক্ষ + | দেওয়া আছে |
| ১৭ | সির্দ্ধাত মজুমদার | বর্ধমান-পুর্ব | জাতীয় কংগ্রেস | ২৪ লক্ষ + | ৫ লক্ষ + | দেওয়া আছে |
| ১৮ | উদ্ধব রায় | কৃষ্ণনগর | বিএসপি | ৭৭ লক্ষ + | ৪ লক্ষ + | দেওয়া আছে |
| ১৯ | সেখ ইদ মহম্মদ | বহরমপুর | আরএসপি | ৩৯ লক্ষ + | ৩ লক্ষ + | দেওয়া আছে |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২০ | শান্তনু ঝাঁ | কৃষ্ণনগর | সি.পি.আই.এম | ১ কোটি + | ২ লক্ষ + | দেওয়া আছে |
| ২১ | সুনীল কুমার মন্ডল | বর্ধমান-পুর্ব | তৃণমূল কংগ্রেস | ২ কোটি + | ১ লক্ষ + | দেওয়া আছে |
| ২২ | ফারুক আহমেদ | বীরভূম | রাষ্ট্রবাদী জনতা পার্টি | ৩২ লক্ষ + | ১ লক্ষ + | দেওয়া আছে |
| ২৩ | অভিজিত সাহা | বোলপুর | জাতীয় কংগ্রেস | ৪১ লক্ষ + | ১ লক্ষ + | দেওয়া আছে |
| ২৪ | সুচেতা ব্যানার্জী | বর্ধমান-দুর্গাপুর | এস.ইউ.সি.আই (সি) | ১২ লক্ষ + | ১ লক্ষ + | দেওয়া আছে |
| ২৫ | সেখ খোদা বক্স | কৃষ্ণনগর | এস.ইউ.সি.আই (সি) | ২৪ লক্ষ + | ১ লক্ষ + | দেওয়া আছে |
| ২৬ | দুধ কুমার মন্ডল | বীরভূম | বিজেপি | ৬৫ লক্ষ + | ১ লক্ষ + | দেওয়া আছে |
| ২৭ | রনজিত মুখার্জী | বর্ধমান-দুর্গাপুর | জাতীয় কংগ্রেস | ১ কোটি + | ৮৯ হাজার + | দেওয়া আছে |
| ২৮ | নিরাপদ মোদক | কৃষ্ণনগর | নির্দল | ১ কোটি + | ৫০ হাজার + | দেওয়া আছে |
| ২৯ | কুশাধ্বজ বালা | বহরমপুর | বিএসপি | ৫২ লক্ষ + | ৪৫ হাজার + | দেওয়া আছে |
| ৩০ | স্বরাজ দাস | আসানসোল | নির্দল | ১১ লক্ষ + | ৪০ হাজার + | দেওয়া আছে |

**প্রার্থীদের আয়ের চিত্রঃ**

*এই পর্বের নির্বাচনে ৬৮ জনের মধ্যে মাত্র ৪১ জন আয়কর রিটার্নের তথ্য দিয়েছেন,*

পারিবারিক মোট আয়ের হিসেবে প্রথম স্থানে আছেন বর্ধমান-দুর্গাপুরের জাতীয় কংগ্রেস প্রার্থী রঞ্জিত মুখার্জী, মোট পারিবারিক বাৎসরিক আয় ১ কোটি টাকা+ যদিও নিজের বাৎসরিক আয় দেখিয়েছেন ৫৭ হাজার টাকা মাত্র। পেশায় ইনি স্বাধীন ভাবে কর্মে নিযুক্ত এবং এনার স্ত্রীর আয়ের উৎস মাসিক মাইনে ও ব্যাঙ্কের সুদ বলে জানিয়েছেন। এর পরেই আছেন বর্ধমান-দুর্গাপুরের তৃণমূল কংগ্রেস প্রার্থী মুমতাজ সংঘমিতা, এনার পারিবারিক মোট আয় ৫০ লাখ টাকা+ ও নিজের আয় ২৭ লাখ টাকা+। নিজের আয়ের উৎস সাংসদ ভাতা, পেনশান, বিনিয়োগের সুদ ও এনার স্বামীর আয়ের উৎস পেনশান, বিনিয়োগ থেকে পাওয়া সুদ। তৃতীয় স্থানে আছেন বর্ধমান পূর্ব কেন্দ্রের বিজেপি প্রার্থী পরেশ চন্দ্র দাস। এনার মোট পারিবারিক আয় ২৯ লাখ+ ও তাঁর নিজের আয় ২১ লাখ + আয়ের উৎস পেনশান ও ভাড়া, স্ত্রীর কোন আয় দেখানো নেই। বিস্তারিত চিত্রটি নীচে দেওয়া হলঃ

| ক্র নং | প্রার্থীর নাম | নির্বাচন কেন্দ্র | দল | মোট সম্পদ | আয়ের উৎস | স্বামী/স্ত্রীর আয়ের উৎস | আয়কর রিটার্নের বছর | মোট পারিবারিক আয় | নিজস্ব আয় |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | রনজিত মুখার্জী | বর্ধমান-দুর্গাপুর | জাতীয় কংগ্রেস | ১ কোটি + | স্বনির্ভর | বেতন ও ব্যাঙ্কের সুদ | ২০১৭-১৮ | ১ কোটি + | ৫৭ হাজার + |
| ২ | মমতাজ সঙ্ঘমিতা | বর্ধমান-দুর্গাপুর | তৃণমূল কংগ্রেস | ১৩ কোটি + | এম পি বেতন, পেনসন, ইনভেস্টমেন্টের সুদ | পেনসন, ইনভেস্টমেন্টের সুদ | ২০১৮-১৯ | ৫০ লক্ষ + | ২৭ লক্ষ + |
| ৩ | পরেশ চন্দ্র দাস | বর্ধমান-পুর্ব | বিজেপি | ৩ কোটি + | পেনসন ও ভাড়া | নেই | ২০১৮-১৯ | ২৯ লক্ষ + | ২১ লক্ষ + |
| ৪ | রামপ্রসাদ দাস | বোলপুর | বিজেপি | ১ কোটি + | চাকুরী | চাকুরী | ২০১৭-১৮ | ২৫ লক্ষ + | ২০ লক্ষ + |
| ৫ | শ্রীমতী (মুনমুন) দেব বর্মা(সেন) | আসানসোল | তৃণমূল কংগ্রেস | ১০ কোটি + | অভিনেত্রী ও এম পি বেতন | নেই | ২০১৮-১৯ | ২২ লক্ষ + | ২০ লক্ষ + |
| ৬ | শান্তনু ঝাঁ | কৃষ্ণনগর | সি.পি.আই.এম | ১ কোটি + | অধ্যাপক | নেই | ২০১৮-১৯ | ২০লক্ষ + | ১৮ লক্ষ + |
| ৭ | শতাব্দী রায়(ব্যানার্জী) | বীরভূম | তৃণমূল কংগ্রেস | ৪ কোটি + | এম পি বেতন, শিল্পী | ব্যবসা | ২০১৭-১৮ | ১৯ লক্ষ + | ১৪ লক্ষ + |
| ৮ | সুনীল কুমার মন্ডল | বর্ধমান-পুর্ব | তৃণমূল কংগ্রেস | ২ কোটি + | বেতন, ইনভেস্টমেন্টের সুদ, পেনসন, ব্যবসা | হেলথ সুপারভাইজার | ২০১৭-১৮ | ১৮ লক্ষ + | ১৩ লক্ষ + |
| ৯ | বিজয় কৃষ্ণ দলুই | বোলপুর | এস.ইউ.সি.আই (সি) | ৪৪ লক্ষ + | বেতন | নেই | ২০১৭-১৮ | ১৫ লক্ষ + | ১৫ লক্ষ + |
| ১০ | মহঃ রেজাউল করিম | বীরভূম | সি.পি.আই.এম | ১ কোটি + | বেতন, প্রাইভেট প্র্যাকটিস | গৃহ শিক্ষক | ২০১৭-১৮ | ১৫ লক্ষ + | ১৩ লক্ষ + |
| ১১ | অভিষেক কুমার সিংহ | আসানসোল | এস.এইচ.এস | ৮৮ লক্ষ + | ব্যবসা ( সরকারী কনট্রাক্টর ) | রেস্তরাঁ | ২০১৭-১৮ | ১৪ লক্ষ + | ১০ লক্ষ+ |
| ১২ | অপুর্ব সরকার | বহরমপুর | তৃণমূল কংগ্রেস | ৪ কোটি + | ব্যবসা | নেই | ২০১৭-১৮ | ১৩ লক্ষ + | ১০ লক্ষ+ |
| ১৩ | ইন্তাজ আলি শাহ | কৃষ্ণনগর | জাতীয় কংগ্রেস | ১ কোটি + | পেনসন | নেই | ২০১৭-১৮ | ১৩ লক্ষ + | ১৩ লক্ষ + |
| ১৪ | অধীর রঞ্জন চৌধুরী | বহরমপুর | জাতীয় কংগ্রেস | ১০ কোটি + | এম পি বেতন | ব্যবসা ও পরামর্শদাতা | ২০১৭-১৮ | ১২ লক্ষ + | ১২ লক্ষ + |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৫ | সিদ্ধাত মজুমদার | বর্ধমান-পুর্ব | জাতীয় কংগ্রেস | ২৪ লক্ষ + | বেতন ইনভেস্টমেন্টের সুদ, | নেই | ২০১৭-১৮ | ১০ লক্ষ + | ১০ লক্ষ + |
| ১৬ | মহুয়া মৈত্র | কৃষ্ণনগর | তৃণমূল কংগ্রেস | ২ কোটি + | এম এল এ বেতন, ব্যাঙ্কের সুদ | নেই | ২০১৭-১৮ | ৯ লক্ষ + | ৯ লক্ষ + |
| ১৭ | বিশ্বরূপ মণ্ডল | আসানসোল | জাতীয় কংগ্রেস | ১ কোটি + | টার্মিনাল বেনিফিট | বেতন | ২০১৭-১৮ | ৯ লক্ষ + | ৪ লক্ষ + |
| ১৮ | ঈশ্বরচন্দ্র দাস | বর্ধমান-পুর্ব | সি.পি.আই.এম | ৫৮ লক্ষ + | বেতন | বেতন | ২০১৭-১৮ | ৯ লক্ষ + | ৫ লক্ষ + |
| ১৯ | ইমাম হোসেন | বীরভুম | জাতীয় কংগ্রেস | ১ কোটি + | ব্যবসা | ব্যবসা | ২০১৭-১৮ | ৮ লক্ষ + | ৫ লক্ষ + |
| ২০ | মুকুল বিশ্বাস | বর্ধমান-পুর্ব | বিএসপি | ৪৪ লক্ষ + | বেতন | নেই | ২০১৭-১৮ | ৮ লক্ষ + | ৮ লক্ষ + |
| ২১ | জগন্নাথ সরকার | রানাঘাট | বিজেপি | ১ কোটি + | চাকুরী | ব্যবসা | ২০১৮-১৯ | ৮ লক্ষ + | ৮ লক্ষ + |
| ২২ | কল্যান চৌবে | কৃষ্ণনগর | বিজেপি | ২ কোটি + | বেতন, সুদ ও অন্যান্য | সুদ | ২০১৭-১৮ | ৭ লক্ষ + | ৬ লক্ষ + |
| ২১ | বাবুল সুপ্রিয় বরাল | আসানসোল | বিজেপি | ৫ কোটি + | বেতন | নেই | ২০১৭-১৮ | ৬ লক্ষ + | ৬ লক্ষ+ |
| ২৪ | বিপ্লব মিস্ত্রি | বর্ধমান পূর্ব | ভারতীয় ন্যায় অধিকার রক্ষা পার্টি | ৭৩ লক্ষ + | ব্যবসা | নেই | ২০১৮-১৯ | ৫ লক্ষ + | ২ লক্ষ + |
| ২৫ | রামচন্দ্র ডোম | বোলপুর | সি.পি.আই.এম | ২৩ লক্ষ + | পেনসন (পূর্ব এমপি) | নেই | ২০১৭-১৮ | ৫ লক্ষ + | ৫ লক্ষ + |
| ২৬ | সীমান্ত মন্ডল | বোলপুর | রাষ্ট্রবাদী জনতা পার্টি | ১১ লক্ষ + | ব্যবসা | নেই | ২০১৮-১৯ | ৪ লক্ষ + | ৪ লক্ষ + |
| ২৭ | দুধকুমার মন্ডল | বীরভূম | বিজেপি | ৬৫ লক্ষ + | চাষ ও আনাজ বিক্রি | এলআইসি এজেন্সি | ২০১৭-১৮ | ৪ লক্ষ + | ৩ লক্ষ + |
| ২৮ | মিনতি বিশ্বাস | রাণাঘাট | জাতীয় কংগ্রেস | ৩১ লক্ষ + | ব্যবসা (স্বদেশী জিনিস) | নেই | ২০১৭-১৮ | ৩ লক্ষ + | ৩ লক্ষ+ |
| ২৯ | আভাস রায়চৌধুরী | বর্ধমান-দুর্গাপুর | সি.পি.আই.এম | ৪২ লক্ষ + | নেই | বেতন | ২০১৮-১৯ | ৩ লক্ষ + | ০ |
| ৩০ | অশোক আগরওয়াল | কৃষ্ণনগর | নির্দল | ৩ লক্ষ + | ব্যবসা | নেই | ২০১৮-১৯ | ৩ লক্ষ + | ৩ লক্ষ+ |
| ৩১ | ভাস্কর পাল | কৃষ্ণনগর | নির্দল | ৯ লক্ষ + | ব্যবসা (স্টেশনারী) | নেই | ২০১৮-১৯ | ৩ লক্ষ + | ৩ লক্ষ+ |
| ৩২ | মহঃ এজারুদ্দিন | বহরমপুর | জামাতে সেরাতুল মুস্তাকিম | ৫ লক্ষ + | পেনসন | নেই | ২০১৮-১৯ | ৩ লক্ষ + | ৩ লক্ষ+ |
| ৩৩ | চিত্তরঞ্জন হাসদা | বীরভূম | নির্দল | ৫ লক্ষ + | পেনসন | নেই | ২০১৮-১৯ | ৩ লক্ষ + | ৩ লক্ষ+ |
| ৩৪ | সেখ ইদ মহম্মদ | বহরমপুর | আরএসপি | ৩৯ লক্ষ + | এম এল এ পেনসন | মাদ্রাসা শিক্ষাকেন্দ্র | ২০১৭-১৮ | ৩ লক্ষ + | ২ লক্ষ + |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |
| ৩৫ | অমর নাথ চৌধুরী | আসানসোল | এস.ইউ.সি.আই (সি) | ১ কোটি + | এমআইএস সুদ, শেয়ার | শেয়ার | ২০১৭-১৮ | ৩ লক্ষ + | ৩ লক্ষ + |
| ৩৬ | জয়ন্ত দেবনাথ | কৃষ্ণনগর | আহিড়া ন্যাশানাল পার্টি | ১ কোটি + | ব্যবসা | নেই | ২০১৮-১৯ | ২ লক্ষ + | ২ লক্ষ + |
| ৩৭ | অসিত কুমার মাল | বোলপুর | তৃণমূল কংগ্রেস | ১৩ লক্ষ + | পেনসন, এমআইএস-এর সুদ | নেই | ২০১৮-১৯ | ২ লক্ষ + | ২ লক্ষ + |
| ৩৮ | আয়েসা খাতুন | বীরভূম | এস.ইউ.সি.আই (সি) | ৮৩ হাজার + | নেই | গৃহশিক্ষক | ২০১৭-১৮ | ২ লক্ষ + | ০ |
| ৩৯ | গৌরাঙ্গ চ্যাটার্জী | আসানসোল | সি.পি.আই.এম | ১৬ লক্ষ + | পেনসন | নেই | ২০১৭-১৮ | ২ লক্ষ + | ২ লক্ষ + |
| ৪০ | স্বরাজ দাস | আসানসোল | নির্দল | ১১ লক্ষ + | ট্যাক্সি ভাড়া | নেই | ২০১৮-১৯ | ১ লক্ষ + | ১ লক্ষ + |
| ৪১ | নির্মল মাঝি | বর্ধমান পূর্ব | এস.ইউ.সি.আই (সি) | ১৯ হাজার + | নিরাপত্তা রক্ষী | নেই | ২০১৮-১৯ | ৯৭ হাজার + | ৯৭ হাজার + |

**বহরমপুরের নির্দল প্রার্থী সমীর বিশ্বাস প্যানের তথ্য দেননি। অন্যরা সবাই দিয়েছেন।**

নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতারত প্রার্থীদের আর্থিক প্রেক্ষাপট দেখে এটা বলাই যাই যে রাজনৈতিক দলগুলি কোটিপতি বা উচ্চবিত্ত প্রার্থীদের নির্বাচনে মনোনয়ন দিচ্ছে। এবারে প্রায় সব প্রার্থীই যে প্যান তথ্য দিয়েছেন, এটিও উল্লেখযোগ্য।

অন্যান্য তথ্যাবলীঃ

এই দফার ৬৮ জন প্রার্থীদের মধ্যে বয়সের দিক থেকে ২৫ বছর থেকে ৫০ বছরের এর প্রার্থী আছেন ৩০ জন (৪৪%) ও ৫০ এর বেশী বয়সের প্রার্থীর সংখ্যা (৫০ থেকে ৮১ বছর) মোট ৩৮ জন (৫৬%)।


| বয়স (বছর) | বিশ্লেষণ করা প্রার্থীর সংখ্যা |
|---|---|
| ২৫-৩০ | ২ |
| ৩১-৪০ | ১২ |
| ৪১-৫০ | ১৬ |
| ৫১-৬০ | ২১ |
| ৬১-৭০ | ১৪ |
| ৭১-৮০ | ৩ |
| **মোট** | **৬৮** |

শিক্ষাগত দিক থেকে দেখলে এবারের প্রার্থীদের ২৪ জন (৩৫%) ৫-১২ ক্লাস লেখাপড়া করেছেন এবং ৪৪ জন (৬৪%) স্নাতক বা স্নাতোকোত্তর ডিগ্রী ধারী আছেন, বিস্তারিত চিত্রটি নিম্নরূপঃ

| **বয়স (বছর)** | **বিশ্লেষণ করা প্রার্থীর সংখ্যা** |
|---|---|
| ৫ ক্লাস পাশ | ২ |
| ৮ ক্লাস পাশ | ৭ |
| ১০ ক্লাস পাশ | ৮ |
| ১২ ক্লাস পাশ | ৭ |
| স্নাতক | ১৮ |
| কারিগরী বিষয়ে স্নাতক (প্রোফেশানাল গ্রাজুয়েট) | ৪ |
| স্নাতকোত্তর | ১৯ |
| ডক্টরেট | ২ |
| স্নাতকোত্তর ডিপ্লোমা | ১ |
| মোট | ৬৮ |

৬৮ প্রার্থীদের মধ্যে ৪জন মহিলা প্রার্থী রয়েছেন অর্থাৎ মাত্র ১২% মহিলা প্রার্থী দ্বিতীয় দফার নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন। যদিও সব রাজনৈতিক দলই মহিলাদের ক্ষমতায়ন, এমনকি সংসদে মহিলাদের জন্য ৩৩% আসন সংরক্ষনে কথা বলেন কিন্তু কার্যত ভোট যুদ্ধে মনোনয়ন পাওয়ার ক্ষেত্রে এখনও পুরুষ প্রার্থীদেরই পাল্লা ভারী।

সমস্ত প্রার্থীদের বিস্তারিত সম্পদের তথ্য ও ফৌজদারি মামলায় অভিযুক্ত প্রার্থীদের পূর্নাংগ তথ্য (কার বিরুদ্ধে কটা কেস ও কি কি ধারার অভিযোগ ইত্যাদি) ইংরাজীতে সংলগ্ন করা হল।



(উজ্জয়িনী হালিম)
রাজ্য সংযোজক
৯৮৩০২৯৯৩২৬